

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd


স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.০৬.২৭৯.১৭-৬৭১,

তারিখ : ০৬/৪/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ যুব উন্নয়ন অধিদপ্তরের চলমান সকল প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে কওমী মাদ্রাসার শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান বিষয়ক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত 'রূপকল্প ২০২১' বাস্তবায়নে দেশের কওমী মাদ্রাসার ৪০ লক্ষ শিক্ষার্থীকে উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করার জন্য দক্ষতা উন্নয়ন ও আত্মকর্মসংস্থান/কর্মসংস্থানমূলক প্রশিক্ষণ প্রদানের বিষয়ে কওমী মাদ্রাসা শিক্ষা বোর্ড "ইকরা" উদ্যোগ গ্রহণ করেছে। এর পাশাপাশি যুব উন্নয়ন অধিদপ্তরের চলমান প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণে কওমী মাদ্রাসার শিক্ষার্থীদের অগ্রাধিকার দিয়ে প্রশিক্ষণ প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত রয়েছে।

০২। এমতাবস্থায়, যুব উন্নয়ন অধিদপ্তরের চলমান (প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক) প্রশিক্ষণের শর্তাবলী অনুসরণপূর্বক কওমী মাদ্রাসার শিক্ষার্থীদের প্রশিক্ষণের সুযোগ প্রদান করতে বলা হলো।


(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন নং- ০২-৯৫৫৯৩৮৯।

E-mail: dg@dyd.gov.bd

প্রাপকঃ

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (সকল) জেলা। তাঁকে আওতাধীন সকল প্রশিক্ষণ কেন্দ্রে এবং সকল যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ০২। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, ----- (১০টি) জেলা।
- ০৩। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, ----- (৪৪টি) জেলা।
- ০৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সকল উপজেলা, জেলা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ০১। জনাব কবির বিন আনোয়ার, প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ✓ ০২। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৪। অফিস কপি।